৩০/৪/২০০০

তারিখ ...
পৃষ্ঠা ...১৫... কলাম ...৬...

দৈনিক ইত্তেফাক

# প্রশ্নপত্রে ভুলের জন্য বিজি প্রেস দায়ী

**ইত্তেফাক রিপোর্ট** ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের এমএসএস (১ম পর্ব) রাষ্ট্রবিজ্ঞান কম্প্রেহেন্সিভ পরীক্ষার প্রশ্নপত্রে ভুলের জন্য বিজি প্রেসকে দায়ী করা হইয়াছে। গত শনিবার এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৫০ নম্বরের পরীক্ষায় মোট ১৫টি প্রশ্ন হইতে যে কোন ১০টির উত্তর দেওয়ার নিয়ম থাকিলেও প্রশ্নপত্রে যে কোন ৫টি প্রশ্নের উত্তর দাও ছাপা হওয়ায় পরীক্ষার্থীদের মধ্যে বিভ্রান্তি দেখা দেয়। বিভিন্ন কেন্দ্রে পরীক্ষার্থীরা বিষয়টি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জানাইলে পরীক্ষার্থীদের বলা হয়, প্রশ্নপত্রের নির্দেশ অনুযায়ী উত্তর লিখিতে হইবে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের একদল পরীক্ষার্থী জানায়, 'আমরা বিশ্ববিদ্যালয়ের ভিজিলেন্স টীমের পরামর্শ অনুযায়ী ৫টি প্রশ্নের উত্তর লেখা শুরু করি। কিন্তু পরীক্ষার প্রায় দেড় ঘন্টা অতিবাহিত হওয়ার পর কেন্দ্রের

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

প্রশ্নপত্রে (শেষ পৃষ্ঠার পর)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা বলেন, বিশ্ববিদ্যালয়ের নির্দেশ আসিয়াছে ৫টি নয় ১০টি প্রশ্নের উত্তর দিতে হইবে। এমতাবস্থায় আমরা অনেকে স্বাভাবিক অবস্থায় পরীক্ষা দিতে পারি নাই। অনেকের পক্ষে ১০টি প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব হয় নাই।

গতকাল এই ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি ডঃ দুর্গাদাস ভট্টাচার্যের দৃষ্টি আকর্ষণ করা হইলে তিনি বলেন, ভুলটি বিশ্ববিদ্যালয়ের নয়। জাতীয় বিশ্ববিদ্যালয় হইতে বিজি প্রেসে প্রশ্নপত্র প্রকাশের জন্য যে পান্ডুলিপি পাঠান হইয়াছিল উহাতে ১০টি প্রশ্নের উত্তর দাও উল্লেখ রহিয়াছে। বিজি প্রেস ভুল করিয়া ১০-এর স্থলে ৫ প্রকাশ করিয়াছে। ভিসি বলেন, এই ব্যাপারে কোন ব্যবস্থা নেওয়ার এখতিয়ার আমাদের নাই। তবে আমরা শিক্ষা মন্ত্রণালয়ে বিষয়টি জানাইয়াছি। এক প্রশ্নের জবাবে ভিসি বলেন, প্রশ্নের নির্দেশ অনুযায়ী যাহারা ৫টি প্রশ্নের উত্তর দিয়াছে তাহাদের চিন্তার কিছু নাই। যাহারা ৭টি অথবা ৮টি প্রশ্নের উত্তর দিয়াছে তাহাদের 'বেস্ট ফাইভ' প্রশ্নের উত্তরকে গুরুত্ব দেওয়া হইবে। অবিলম্বে পরীক্ষা কমিটির সভায় বিষয়টি আলোচনা করিয়া চূড়ান্ত সিদ্ধান্ত প্রকাশ করা হইবে।